



কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ  
ইনস্টিটিউট (বারটান)  
পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর

...

সভাপতি	বরনা বেগম নির্বাহী পরিচালক, বারটান
সভার তারিখ	২৩ এপ্রিল ২০২০ খ্রি:
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	অন-লাইন (হোয়াটসঅ্যাপ)
উপস্থিতি	বারটান-এর প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং আঞ্চলিক কার্যালয়ের দপ্তর প্রধানগণ

সভাপতি **WhatsApp** এ সংযুক্ত বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণসহ আঞ্চলিক কার্যালয়ের দপ্তর প্রধানগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি দেশের করোনা ভাইরাস পরিস্থিতি তথা স্বাস্থ্য সচেতনতার বিষয়টি বিবেচনায় নিয়ে বারটান-এর বিভিন্ন দাপ্তরিক কার্যক্রম বিষয়ে আলোচনা করেন।

২. বারটান আঞ্চলিক কার্যালয়ের দপ্তর প্রধানগণ জানান যে, বারটান-এর অন্যতম কার্যক্রম হলো দেশের জনগণকে পুষ্টি বিষয়ে সচেতন করা এবং পুষ্টি সম্পর্কিত বিভিন্ন বিষয়ে গবেষণা করা। কিন্তু সকলকে সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়টি গুরুত্ব পাওয়ায় বর্তমান পরিস্থিতিতে পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না। এছাড়া চলতি অর্থ বছরে যে সকল গবেষণা কার্যক্রম চলমান আছে সে সকল কাজেও জনগণের সম্পৃক্ততা থাকায় এ মুহূর্তে কাজ শুরু করা নিরাপদ নয়। তবে সকল দপ্তরেই প্রশাসনিক যে সকল অত্যাবশ্যক কাজ রয়েছে তা তথ্যপ্রযুক্তির সহায়তায় সম্পন্ন করা হচ্ছে। এছাড়া স্থানীয় জেলা প্রশাসনের সঙ্গে সম্পৃক্ত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হচ্ছে। এ প্রসঙ্গে সুনামগঞ্জ এবং রংপুর জেলার আঞ্চলিক কার্যালয়কে করোনা রোগীদের জন্য ব্যবহারের বিষয়ে ইতোমধ্যে জেলা প্রশাসন হতে অবহিত করা হয়েছে মর্মে জানানো হয়। বিশেষ করে সুনামগঞ্জ কার্যালয়কে জেলা প্রশাসন কর্তৃক করোনা ভাইরাস আক্রান্তদের জন্য ব্যবহারের নিমিত্ত গ্রহণ করা হয়েছে বলেও জানানো হয়। এ বিষয়ে সভাকে আরও জানানো হয় যে, আড়াইহাজারের প্রধান কার্যালয়কেও করোনা ভাইরাস আক্রান্তদের সেবা প্রদানের জন্য ব্যবহার করার বিষয়ে নারায়ণগঞ্জ জেলা প্রশাসন হতে পত্র প্রদান করা হয়েছে।

৩. বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) অফিস খোলার পর অনিষ্পন্ন পত্র এবং নথি জরুরি ভিত্তিতে উপস্থাপন করতে হবে।
- (খ) মন্ত্রণালয় বা অন্য কোন দপ্তর হতে প্রেরণকৃত জরুরি পত্রসমূহ দপ্তর প্রধানের সাথে আলোচনা করে ই-নথিতে উপস্থাপন করতে হবে এবং তা নিষ্পন্ন করতে হবে।
- (গ) যে সকল পত্র নথিজাত করা যায় তা ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করতে হবে।
- (ঘ) আঞ্চলিক কার্যালয়সমূহের নির্মাণ কাজ চলমান থাকলে স্থানীয় সরকার প্রকৌশল দপ্তরের সঙ্গে যোগাযোগ করে স্বাস্থ্যবিধি অনুসরণ করে যতদূর সম্ভব তদারক করতে হবে।
- (ঙ) সকল দপ্তরের নিরাপত্তা ব্যবস্থা সুরক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (চ) সকল আঞ্চলিক দপ্তরের প্রধানগণ প্রধান কার্যালয়ের সাথে টেলিফোন/অন-লাইনে যোগাযোগ অব্যাহত রাখবেন। প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণও টেলিফোন/অন-লাইনে যোগাযোগ রাখবেন।
- (ছ) স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল দপ্তর প্রয়োজনীয় কাজ সম্পন্ন করবে।

৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ঝরনা বেগম

নির্বাহী পরিচালক, বারটান

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০১.০৪.০০৭.১৮.২


তারিখ: ১০ বৈশাখ ১৪২৭

২৩ এপ্রিল ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, গবেষণা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
- ২) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), পুষ্টি শিক্ষা শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), ল্যাব গবেষণা বিভাগ, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
- ৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), প্রধান/আঞ্চলিক কার্যালয় (বরিশাল, নোয়াখালী, ঝিনাইদহ, নেত্রকোনা, সুনামগঞ্জ, সিরাজগঞ্জ, রংপুর)।
- ৫) উর্ধ্বতন প্রশিক্ষক, পুষ্টি শিক্ষা শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬) প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭) বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
- ৮) জনসংযোগ কর্মকর্তা, প্রশাসন শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০) হিসাব শাখা, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।

১১) অফিস কপি, সংশ্লিষ্ট নথি।



কাজী আবুল কালাম  
পরিচালক (প্রশাসন ও অর্থ)